প্রথম আলো

তারিখ ...08 JAN 2018... পৃষ্ঠা ...৪... কলাম ...২...




নিবন্ধন পাওয়া স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে শিক্ষকেরা গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে সপ্তম দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করেন ● ছবি : প্রথম আলো

### নতুন প্রতিমন্ত্রীকে স্মারকলিপি

# এবার মাদ্রাসাশিক্ষকেরাও আমরণ অনশনে যাচ্ছেন

নিজস্ব প্রতিবেদক ●

মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিবন্ধন পাওয়া স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে ওই সব মাদ্রাসার শিক্ষকেরা গতকাল রোববার সপ্তম দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করেছেন। একই দাবিতে তাঁরা কারিগরি ও মাদ্রাসা বিভাগের নতুন প্রতিমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছেন।

ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির ডাকে এই কর্মসূচি পালিত হচ্ছে। সমিতির মহাসচিব কাজী মো. মোখলেছুর রহমান গতকাল *প্রথম আলোকে* বলেন, আজ সোমবার সমিতির নির্বাহী কমিটির সভা ডেকে তাঁরা আমরণ অনশনে যাওয়ার কথা ভাবছেন।

অবস্থান কর্মসূচি চলা অবস্থায় গতকাল বেলা একটার দিকে সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরীর নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধিদল কারিগরি ও মাদ্রাসা বিভাগের নতুন প্রতিমন্ত্রী কাজী কেরামত আলীকে তাঁর বিভাগে গিয়ে স্মারকলিপি দিয়ে আসে। প্রতিনিধিদলের সদস্য সংগঠনটির দপ্তর সম্পাদক ইনতান বিন হাকিম *প্রথম আলোকে* বলেন, প্রতিমন্ত্রীকে স্মারকলিপি দেওয়ার সময় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদও উপস্থিত ছিলেন। তখন শিক্ষামন্ত্রী এ বিষয়ে প্রক্রিয়া চলছে জানিয়ে তাঁদের বাড়ি যাওয়ার অনুরোধ করেছেন। তবে সেখানে তাঁরা কোনো কথা দিয়ে আসেননি। তাঁদের কথা হলো, অবস্থান কর্মসূচিস্থলে এসে ঘোষণা না দেওয়া পর্যন্ত তাঁরা ঘরে ফিরে যাবেন না। মৃত্যু হলে হোক। গতকাল অর্থমন্ত্রী বরাবরও তাঁরা স্মারকলিপি দিয়েছেন।

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর মতো স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাকে জাতীয়করণের দাবিতে ১ জানুয়ারি থেকে মাদ্রাসাশিক্ষকেরা লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করেন।

সারা দেশে নিবন্ধিত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ১৮ হাজার ১৯৪টি হলেও চালু আছে ১০ হাজারের মতো। এসব মাদ্রাসায় শিক্ষক আছেন প্রায় ৫০ হাজার। এর মধ্যে ১ হাজার ৫১৯টি মাদ্রাসার ৬ হাজার ৬৭৬ জন শিক্ষক সরকার থেকে কিছু ভাতা পান। এর মধ্যে প্রধান শিক্ষকেরা মাসে আড়াই হাজার টাকা এবং সহকারী শিক্ষকেরা পান ২ হাজার ৩০০ টাকা। অন্যরা সরকার থেকে কোনো বেতন-ভাতা পান না।

**নন-এমপিওভুক্ত শিক্ষকদের কৃতজ্ঞতা**

আমরণ অনশনের প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে এমপিওভুক্তির আশ্বাস পাওয়ায় নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছে। গতকাল জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে ফেডারেশনের পক্ষ থেকে এই কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফেডারেশনের সভাপতি গোলাম মাহমুন্নবী, সাধারণ সম্পাদক বিনয় ভূষণ রায় প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি. এল. পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
অবগতার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর